

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

Tel: 9144252-3, Fax : 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

তারিখঃ ২১/০৬/২০১৮ খ্রিঃ

নং-২১.০০.০০০০.৩৬৩.২২.০৯০.১৮-

পরিপত্র

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি ক্রয়ে অধিকতর গতিশীলতা এবং দক্ষতা নিশ্চিতকল্পে সম্প্রতি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর কিছু সংখ্যক সংশোধনী কার্যকর হয়েছে (এস.আর.ও নং ১৬৫-আইন/২০১৮ তাং ০৭/০৬/২০১৮)। সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এর প্রয়োগ সংক্রান্ত উক্ত বিধিমালা-৬৩(২) উপ-বিধিটি নিম্নরূপ সংশোধিত হয়েছেঃ

সূত্র	পূর্বের বিধান	সংশোধিত বিধান
সীমিত দরপত্র পদ্ধতির প্রয়োগ [বিধি-৬৩(২)]	বিধি-৬৩(২) উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে ক্রয়ে আবশ্যিক সময় এবং প্রশাসনিক ব্যয় ক্রয়ের জন্য নির্ধারিত পণ্য বা কার্যের মূল্যের তুলনায় অধিক হইলে, ক্রয়কারী, তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে, তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হইতে দরপত্র আহ্বান করিতে পারিবে।	বিধি-৬৩(১)(ঘ) দরপত্র প্রক্রিয়াকরণে আবশ্যিক সময় এবং ব্যয় ক্রয়ের জন্য নির্ধারিত পণ্য বা কার্যের সম্ভাব্য চুক্তি মূল্যের তুলনায় অসমঞ্জস হইলে, ক্রয়কারী, তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে, তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হইতে দরপত্র আহ্বান করিতে পারিবে।

০২। উল্লেখ্য, একই সংশোধনীতে সীমিত দরপত্র পদ্ধতিতে চুক্তি স্বাক্ষরের সময়সীমা পূর্বের ২৮ (আটাশ) দিনের স্থলে ১৪ (চৌদ্দ) দিন নির্ধারণ করা হয়েছে [তফসিল-২ এর বিধি-১০২(১১)]।

০৩। উপর্যুক্ত সংশোধনীর মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রটি আরো স্পষ্ট এবং সহজতর করা হয়েছে। এ প্রেক্ষাপটে ক্রয়কারীগণ সরকারি ক্রয় আইন ও বিধিমালা (পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮) সংস্থান অনুসরণ করে প্রযোজ্য ক্ষেত্রে সীমিত দরপত্র পদ্ধতি অনুসরণ করতে পারে।



(মোঃ ফারুক হোসেন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯১৪৪২৫২-৩

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৩. সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
৫. সদস্য, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

১. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান, (সকল টার্গেট এজেন্সী).....।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস কপি।